গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	এ বি এম আমিন উল্লাহ নুরী সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ ও সময়	:	২৮ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ, বিকাল ৪.০০ ঘটিকা
স্থান	:	সভাকক্ষ
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ১৫ আগস্টের সকল শহিদের সম্মানার্থে দাঁড়িয়ে ০১ মিনিট নিরবতা পালন করা হয়। এরপর তিনি যুগ্মসচিব (প্রশাসন)কে জাতীয় কর্মসূচির আলোকে এ বিভাগ কর্তৃক শোক দিবসের কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য আহবান জানান। যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচিসমূহ সভায় তুলে ধরেন।

০২. সভায় যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, গত ২৭-০৬-২০২২ তারিখ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে আগামী ১৫ আগস্ট সোমবার জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী গত ০৭-০৭-২০২২ তারিখে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কর্তৃপক্ষ/কোম্পানি বরাবর প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহিত কর্মসূচির মধ্যে মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচিসমূহের ক্রম-১, ১১, ১২, ১৫, ২২ ও ২৩ এর বিস্তারিত বিবরণ সভায় তুলে ধরা হয়।

০৩. বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	১৫ আগস্ট ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং এর আওতাধীন সকল অফিসে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে অর্ধনমিতভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সাথে সাথে পতাকা নামিয়ে ফেলতে হবে।	এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং মাঠ পার্যায়ের সকল অফিস
২.	আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সকল কর্মকর্তাগণ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির সকল কর্মকর্তাগণের উপস্থিতিতে সভাপতির নেতৃত্বে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পুষ্পস্তবক অর্পণ করা হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি
৩.	এ বিভাগের কর্মকর্তাগণ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির কর্মকর্তাগণ দুপুর ১২.০০ ঘটিকায় রাসেল স্কয়ারে লাজ ফার্মার সামনে উপস্থিত থাকবেন। পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে ১০'X৪' সাইজের র‍্যালী ব্যানার ও ৩২" সাইজের রাউন্ড পুষ্পস্তবক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রস্তুত করা হবে এবং স্বাস্থ্যবিধি মেনে সম্মিলিতভাবে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি
৪.	যে সকল সংস্থার কার্যালয়ে ও মাঠ পর্যায়ের অফিসসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতি স্থাপন করা রয়েছে সেখানে সকল কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে সংস্থা প্রধানগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ
৫.	এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের সকল গ্রেডের কর্মচারীদের আগস্ট ২০২২ মাসব্যাপী জাতীয় শোক দিবস লেখা কালো ব্যাজ ও পিন স্ব স্ব অফিস সরবরাহ করবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৬.	এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং তাদের মাঠ পর্যায়ের সকল অফিস ভবনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক ড্রপডাউন ব্যানার ও স্ট্যান্ড ব্যানার লাগাতে হবে। সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন ফ্লাইওভার, ফুটওভার ব্রীজ ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে ড্রপডাউন ব্যানার স্থাপন করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ
৭.	এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও তাদের আওতাধীন বিভাগ/জেলা পর্যায়ের উদ্যোগে ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার বাদ যোহর/আছর বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে। এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় আয়োজিত দোয়া মাহফিলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব এ কে এম শামীম আক্তার-সড়ক ও জনপথ অধিদপ্তরে, যুগ্মসচিব মোঃ সামীমুজ্জামান-বিআরটিসি, অতিরিক্ত সচিব জনাব নীলিমা আখতার-ডিএমটিসিএল, অতিরিক্ত সচিব মোঃ ইউছুব আলী মোল্লা-বিআরটিএ এবং অতিরিক্ত সচিব মোঃ জাকির হোসেন-ডিটিসিএ এবং সুলতানা ইয়াসমীন, যুগ্মসচিব ডিবিআরটিতে অংশগ্রহণ করবেন। সভাপতি নিজেও যে কোন একটি সংস্থার দোয়া মাহফিলে অংশগ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ
৮.	এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির সমন্বয়ে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় সওজ অডিটরিয়ামে কেন্দ্রীয়ভাবে রক্তদান কর্মসূচি পালন করা হবে। এ বিভাগ ও সকল দপ্তর/সংস্থা হতে সম্ভাব্য রক্তদানকারীদের নামের তালিকা ০৮ আগস্ট ২০২২ তারিখের মধ্যে কমিটি কর্তৃক চূড়ান্ত করতে হবে। সওজ অডিটরিয়ামে রক্তদান কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো: ১. জনাব মোঃ আনিসুর রহমান, যুগ্মসচিব (এমআরটি) - আহবায়ক ২. মোসা: মৌসুমী হাবিব, উপ-প্রকল্প পরিচালক (প্রশা:), ডিএমআরটিডিপি (লাইন-১) - সদস্য ৩. জনাব মোঃ লোকমান হোসেন মোল্লা, পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ - সদস্য ৪. জনাব মোঃ সাইফুল ইসলাম, কোম্পানি সচিব, ঢাকা বিআরটি - সদস্য ৫. জনাব আব্দুল্লাহ-আল-মাসুদ, সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি) - সদস্য ৬. জনাব মোহাঃ লিয়াকত আলী খান, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) - সদস্য ৭. জনাব মোঃ আবুবকর সিদ্দিক, ম্যানেজার (কারিগরি), বিআরটিসি - সদস্য ৮. জনাব মোঃ সেকান্দর হায়াত বাহাদুর, হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ - সদস্য ৯. জনাব মোঃ আমানউল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ - সদস্য-সচিব	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও কমিটি
৯.	এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির সমন্বয়ে আগামী ০৮ আগস্ট থেকে ১৪ আগস্ট ২০২২ তারিখের মধ্যে সওজ অডিটরিয়ামে কেন্দ্রীয়ভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনী ও কীর্তি বিষয়ক বয়সভিত্তিক ০৩টি বিষয় চূড়ান্ত করে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের ০৩টি ক্যাটাগরিতে বয়সভিত্তিক (ছোট, মাঝারী ও বড়) ভাগ করা হবে। উক্ত রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণে ইচ্ছুক এ বিভাগ ও সকল দপ্তর/সংস্থার/কোম্পানির কর্মকর্তা/কর্মচারীর সন্তান-সন্ততিদের নামের তালিকা ০৮ আগস্ট ২০২২ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কমিটি কর্তৃক চূড়ান্ত করতে হবে। এতদবিষয়ে কমিটি প্রাপ্ত তালিকা থেকে বয়সভিত্তিক বর্ণিত ক্যাটাগারির আলোকে ১৫ আগস্টের পূর্বেই প্রতি গ্রুপে ১ম, ২য় ও ৩য় স্থান চূড়ান্ত করবেন। চূড়ান্তভাবে নির্বাচিতদেরসহ সকলকে ১৫ আগস্ট আলোচনা সভার পর পুরস্কার প্রদান করা হবে। সওজ অডিটরিয়ামে রচনা প্রতিযোগিতা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো: ১. জনাব নীলিমা আখতার, অতিরিক্ত সচিব, (আরবান ট্রান্সপোর্ট) - আহবায়ক ২. জনাব মোহাম্মদ আবদুর রউফ, কোম্পানি সচিব (যুগ্মসচিব), ডিএমটিসিএল - সদস্য ৩. জনাব নীলিমা আফরোজ, উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) - সদস্য ৪. জনাব এস, এম, রেজাউল করিম, পরিচালক (প্রশাসন), ডিটিসিএ - সদস্য ৫. জনাব মোহম্মদ সাইদুর রহমান, জেঃ ম্যানেজার (উপসচিব), বিআরটিসি - সদস্য ৬. জনাব শীতাংশু শেখর বিশ্বাস, পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ - সদস্য ৭. জনাব টিনা পাল, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) - সদস্য ৮. জনাব মোঃ জসিম উদ্দিন, সহকারী সচিব (বিআরটিএ সংস্থাপন) - সদস্য ৯. জনাব আবির হোসেন, ব্যবস্থাপক (প্রশাসন), ঢাকা বিআরটি - সদস্য ১০. জনাব মোঃ জিকরুল হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ - সদস্য-সচিব	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও কমিটি

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১০.	এ বিভাগের কর্মকর্তাগণ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির কর্মকর্তাগণের সমন্বয়ে ১৫ আগস্ট ২০২২ তারিখ বাদ মাগরিব সওজ এর অডিটরিয়ামে কেন্দ্রীয়ভাবে মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে আলোচনা সভার আয়োজন করা হবে। আলোচনা সভায় স্বনামধন্য ০১ জন আলোচক ঠিক করতে হবে এবং আলোচনা সভায় সকলের উপস্থিতির জন্য দাওয়াত কার্ড প্রস্তুত করতে হবে। সওজ অধিদপ্তর আলোচনা সভা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। সওজ অডিটরিয়ামে অনুষ্ঠিতব্য আলোচনা সভা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করবে। এছাড়াও ১৫ আগস্ট ২০২২ এর পর ২১ আগস্টের মধ্যে সুবিধাজনক সময়ে অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানিসমূহ পৃথক পৃথকভাবে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে। কেন্দ্রীয়ভাবে আয়োজিতব্য আলোচনা সভার শেষ প্রান্তে রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মধ্য হতে বিজয়ীদের পুরস্কার হিসেবে ক্রেস্ট, সনদ ও টোকেন মানি (প্রাইজবন্ড) প্রদান এবং অন্যান্য অংশগ্রহণকারীদের সান্ত্বনা পুরস্কার প্রদান করা হবে। দাওয়াত কার্ড, ক্রেস্ট, সনদ, টোকেন মানি (প্রাইজবন্ড) ও সান্ত্বনা পুরস্কার সওজ অধিদপ্তর হতে সরবরাহ করা হবে। সওজ অডিটরিয়ামে আলোচনা সভা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো: ১. জনাব এ,কে,এম, মনির হোসেন পাঠান, প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর - আহবায়ক ২. জনাব নীলিমা আখতার, অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)- সদস্য ৩. জনাব মোঃ আফতাবুজ্জামান, পরিচালক (অর্থ ও হিসাব), ডিএমটিডিসিএল - সদস্য ৪. জনাব ফাহমিদা হক খান, উপসচিব (টোল ও এক্সেল) - সদস্য ৫. শেখ মোহাম্মদ মাহবুব-ই-রব্বানী, পরিচালক (রোড সেফটি), বিআরটিএ - সদস্য ৬. জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট), সওজ - সদস্য ৭. জনাব মোঃ মহিউদ্দিন, উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন), ঢাকা বিআরটি - সদস্য ৮. জনাব মো: আবুল খায়ের, ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ডিটিসিএ - সদস্য ৮. জনাব মোঃ গোলাম জিলানী, সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) - সদস্য ৯. জনাব শুকদেব ঢালী, ডিজিএম (অপাঃ), বিআরটিসি - সদস্য ১০. জনাব সুলতানা ইয়াসমীন, যুগ্মসচিব (বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প ও রক্ষণাবেক্ষণ) - সদস্য-সচিব	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও কমিটি
১১.	এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার বিভাগ/জেলা পর্যায়ের অফিসসমূহ কর্তৃক জাতীয় শোক দিবসের কর্মসূচি পালন করতে হবে এবং প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে সংস্থার স্থানীয় কর্মকর্তাগণ'কে আবশ্যিকভাবে উপস্থিত থাকার বিষয়টি সংস্থা প্রধানগণ নিশ্চিত করবেন। বিভাগ/জেলা পর্যায়ের অফিসসমূহে কর্মসূচি পালন এবং উপস্থিতির বিষয়ে সংস্থা প্রধানগণ পত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন।	এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার মাঠ পর্যায়ের অফিসসমূহ

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৮.৭.২০২২
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-৯০৬

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯ / ৩১ জুলাই ২০২২

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
০৬. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
০৭. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
০৮. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), ইস্কাটন গার্ডেন, ঢাকা।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৯. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১১. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৩. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল)/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৬. তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৭. সহকারী সচিব (সকল)/প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

০৭/৭/২০২২

(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৯০৪০০
ই-মেইল: sasadmin@rthd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১৮.০৫৪.০৫(৮ম খন্ড)- ৯১৭(৪০) তারিখঃ ০৮/০৮/2022

অনুলিপি জ্ঞাতার্থে এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, প্রশাসন শাখা এর পত্র নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-৯০৬ তারিখ ৩১-০৭-২০২২ মাধ্যমে প্রাপ্ত গত ২৮ জুলাই ২০২২ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাপতিত্বে তাঁর সভাকক্ষে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/টেকনিক্যাল সার্ভিসেস উইং/যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/কাঁচপুর, মেঘনা ও গোমতি ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা /সাসেক সড়ক সংযোগ প্রকল্প: জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেনে মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর সাব-রিজিয়নাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপ্রেরেটরি ফ্যাসিলিটি-II, ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/রাজাপুর-নৈকাঠী-বেকুটিয়া-পিরোজপুর (জেড-৮৭০২) সড়কের বেকুটিয়া কচা নদীর উপর ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/স্ট্যাডি অর আইডিন্টিফিকেশন প্রায়োরিটাইজেশন এ্যান্ড প্রি-ফিজিবিলিটি অব পিপিপি আন্ডার রোডস এন্ড হাইওয়েজ ডিপার্টমেন্ট প্রকল্প, ঢাকা/মাতারবাড়ী বন্দর উন্নয়ন শীর্ষক প্রকল্প (সওজ অংশ) (প্রেষণে)/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর রোড ট্রান্সপোর্ট কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট প্রি-পারেটরী ফ্যাসিলিটি (RTCIPPF) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ঢাকা/সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪-লেনে উন্নীতকরণ, ঢাকা/ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প/সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/সার্পোট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), ৩য় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম/লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, পটুয়াখালী/ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক নির্মাণ শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ/পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (ভিত্তিতে), হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখের জায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প/সাইনবোর্ড-মোড়লগঞ্জ-রায়েন্দা-শরণখোলা-বগী সড়কের (আর-৭৭৩) ১৭তম কিলোমিটারে পানগুচি নদীর উপর পানগুচি সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/বরিশাল (দিনেরারপুল)-লক্ষ্মীপাশা-দুমকি সড়ক (জেড-৮০৪৪) এর ২৭তম কিলোমিটারে পান্ডব পায়রা নদীর উপর নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/ময়মনসিংহ কেওয়াটখালী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ, ...

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক, সওজ, ... (সকল)।

০৭/৮/2022

(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।